

ন্যাশনাল আইসিটি ইনফ্রা-নেটওয়ার্ক ফর বাংলাদেশ গভর্নমেন্ট ফেজ-২ (ইনফো-সরকার)

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়

ব্যাঙ্গডক ভবন, প্লট নং ই-১৪/ওয়াই, শের-এ-বাংলানগর, ঢাকা ১২০৭।

Email : info.infosarker@gmail.com, **Website :** http://infosarker.bcc.net.bd


স্মারক নং : ৫৬.০১.০০০০.১১৩.০১৪.১০০.২০১৪-১৪১৪(২)

তারিখ : ২৩ ডিসেম্বর, ২০১৫

বিষয় : “ন্যাশনাল আইসিটি ইনফ্রা-নেটওয়ার্ক ফর বাংলাদেশ গভর্নমেন্ট ফেজ-২ (ইনফো-সরকার)” প্রকল্পের আওতায় স্থাপিত ভিডিও কনফারেন্সিং সিস্টেম, মিডিয়াম রাউটার ও এক্সেস রাউটারসমূহ সার্বক্ষণিক চালু রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, “ন্যাশনাল আইসিটি ইনফ্রা-নেটওয়ার্ক ফর বাংলাদেশ গভর্নমেন্ট ফেজ-২ (ইনফো-সরকার)” প্রকল্পের আওতায় জেলা ও উপজেলা পর্যায়ে দপ্তরে ভিডিও কনফারেন্সিং সিস্টেম, মিডিয়াম রাউটার ও এক্সেস রাউটার স্থাপন করা হয়েছে। প্রকল্প হতে ভিডিও কনফারেন্সিং সিস্টেম, মিডিয়াম রাউটার ও এক্সেস রাউটার সমূহ সকল সরকারী দপ্তরের মধ্যে আন্তঃসংযোগের লক্ষ্যে স্থাপন করা হয়েছে এবং এসকল যান্ত্রিক উপকরণ সার্বক্ষণিক চালু রাখা একান্ত অপরিহার্য। কিন্তু কিছু কিছু সরকারী দপ্তরে ভিডিও কনফারেন্সিং সিস্টেম এবং রাউটারের সংযোগ বন্ধ করা থাকে। এতে সার্বক্ষণিক যোগাযোগের সুযোগ নষ্ট হয়। এছাড়া এসব উপকরণ যথাযথভাবে কাজ করছে কিনা তা বিসিসির সার্ভার রুম হতে পরীক্ষা করা হয়। এছাড়া এসব উপকরণ বন্ধ থাকলে বিসিসির সার্ভার রুম হতে পরীক্ষণ ও নিয়ন্ত্রণ করা সম্ভব হয় না। এমতাবস্থায়, ইনফো-সরকার প্রকল্প হতে স্থাপিত ভিডিও কনফারেন্সিং সিস্টেম এবং রাউটার সমূহ যেন সার্বক্ষণিক চালু রাখা হয় সে বিষয়ে জেলা ও উপজেলা পর্যায়ের সরকারী দপ্তরসমূহে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।


(মোঃ সাইফুল ইসলাম)

যুগ্ম সচিব ও প্রকল্প পরিচালক

ইনফো-সরকার প্রকল্প

মোবাইল : ০১৮২৩৫৩৯৬৫৬

উপজেলা নির্বাহী অফিসার

..... (সকল) উপজেলা।

সদয় অবগতির জন্যে অনুলিপি দেয়া হলো:

- ১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা।
- ২। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আগারগাঁও, ঢাকা।
- ৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ব্যাঙ্গডক ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৪। উপজেলা টেশনিশিয়ান, ইনফো-সরকার প্রকল্প, (সকল) উপজেলা। তাঁকে উপজেলা পর্যায়ে বিভিন্ন সরকারী দপ্তরের ভিডিও কনফারেন্সিং সিস্টেম ও রাউটার চালু রাখার বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৫। অফিস কপি।